

ফতওয়া নং ২৮৭

প্রশ্ন:

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু = জনাব হযরত মুফতী সাহেব আমি জানতে চাই যে (1) বাচ্চারা বড়দের কাতারে নামায পড়লে বড়দের নামাযের কোন খারাবি হবে কি ? ,(2) বাচ্চা বলতে যাদের বয়স প্রায় 10 থেকে 13, বা 14 , বছর অনেক মানুষ বলে বাচ্চারা বড়দের কাতারে দাঁড়ালে বড়দের নামায হবে না,(3) এবং বাচ্চারা কোথায় দাঁড়াবে উপরে যে বয়স উল্লেখ করা হয়েছে এই বয়সের বাচ্চা যদি বড়দের কাতারে দাঁড়িয়ে যায় তবে কি বড়দের নামাযের মধ্যে খারাবি আসবে না আসবে না ।? কুরআন ও হাদীসের আলোকে সঠিক মাসআলা জানাবেন ।

উত্তর:

যদি কেবল একটি নাবালক বাচ্চা থাকে, তাহলে তাকে সাবালকদের লাইনে দাঁড় করাবে। যদি বেশি সংখ্যক হয়, তাহলে তাদেরকে পিছনে দাঁড় করানো মুস্তাহাব; ওয়াজিব নয়। কিন্তু বর্তমান যুগে, বাচ্চারা দুষ্টমি করে বড়দের নামাযেরও বিঘ্ন ঘটাবে এই আশঙ্কায় তাদেরকে পৃথক লাইনে দাঁড় না করিয়ে বড় মানুষদের লাইনে দাঁড় করানো উচিত; যাতে তারা একত্রিত হয়ে দুষ্টমি করার সুযোগ না পায় । (আহসানুল ফাতাওয়া ৩/২৮০ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
১৫ শা'বান, ১৪৪৫ হিজরী (25/02/2024)